

ছোট দেওড়া অগ্রণী উচ্চ বিদ্যালয়

## প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

গাজিপুর, ২রা জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- বিভিন্ন ধরনের অনিয়ম, দুর্নীতি ও টাকা আত্মসাতের গুরুতর অভিযোগ পাওয়া গেছে পৌরসভার ৩নং ওয়ার্ডে অবস্থিত ছোট দেওড়া অগ্রণী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে। ছাত্রছাত্রী, অভিভাবক এবং এলাকাবাসীরা এ ব্যাপারে লিখিত অভিযোগ করা সত্ত্বেও প্রধান শিক্ষকের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না। এ নিয়ে স্থানীয় জনমনে তীব্র ক্ষোভ ও অসন্তোষ বিরাজ করছে।

বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি স্থানীয় সংসদ সদস্য ও জেলা প্রশাসকের কাছে ছাত্রছাত্রী, অভিভাবক ও এলাকা-বাসীদের দায়ের করা একাধিক অভিযোগ থেকে জানা যায়, ছোট দেওড়া অগ্রণী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক যু. ইদ্রিস আলী ১৯৯৬ সালে বিদ্যালয়ে যোগদানের পর থেকে বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে প্রচুর টাকা আত্মসাৎ করেছেন। এর মধ্যে রয়েছে বিদ্যালয়ের ছাত্রী নয় এমন ভূয়া ছাত্রীদের তালিকা প্রেরণ করে ছাত্রী উপ-বৃত্তির টাকা আত্মসাৎ। এ ব্যাপারে জেলা দুর্নীতি দমন বিভাগে তার

বিরুদ্ধে একটি মামলাও দায়ের করা হয়েছে। এ ছাড়া বিদ্যালয়ে লেখাপড়া করে না এমন ৮ জন বিভিন্ন শ্রেণীর মেধাবী ছাত্রছাত্রীর নাম এজেল এসোসিয়েশন নামে একটি এনজিওতে প্রেরণ করে প্রতি বছর মোটা অংকের টাকা প্রধান শিক্ষক আত্মসাৎ করেছেন।

অভিযোগে আরো জানা যায়, এসএসসি পরীক্ষা শুরু হওয়ার পূর্বে তিনি বাইরের ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে ভর্তি করিয়ে তাদের পরীক্ষা দেয়ার সুযোগ করে দেন এবং এ জন্য ছাত্রছাত্রীদের কাছ থেকে বড় অংকের ফিস গ্রহণ করে তা তিনি নিজেই আত্মসাৎ করেন। এমনকি প্রধান শিক্ষকের ছেলে নাসিম কওসার জেলা সদরের সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্র হওয়া সত্ত্বেও তাকে উক্ত অগ্রণী বিদ্যালয়ের ৭ম শ্রেণীর ফার্স্ট বয় দেখিয়ে তার নামে এনজিও থেকে বৃত্তি মঞ্জুর করানো হয়েছে। এছাড়া এ প্রধান শিক্ষকের বিরুদ্ধে নিয়মিত স্কুলে উপস্থিত না থাকা, যথাসময়ে রশটন প্রণয়ন ও পরীক্ষ গ্রহণ না করা, ভূয়া টালফার সার্টিফিকেট প্রদানসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ করা হয়েছে।